আইনজীবী ছাড়া বিনা খরচে জামিন পেলেন এক আসামি

আইনজীবী নিয়োগ করা ছাড়াই নিজের মৌখিক আবেদনের প্রেক্ষিতে আদালত থেকে জামিন পেলেন এক আসামি।

আজ বৃহস্পতিবার সকালে মেহেরপুরের সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এস, এম, শরিয়ত উল্লাহ্ এই আদেশ প্রদান করেন। আদালত আসামিকে নিজ জিম্মায় মামলার পরবর্তী তারিখ আদালতে উপস্থিত হওয়ার শর্তে অন্তর্র্বতীকালিন জামিন মঞ্জুর করে আসামিকে জামিনে মুক্তির নির্দেশ প্রদান করেন।

খোজ নিয়ে জানা যায়, আসামি মোঃ কাবেল আলীর বিরুদ্ধে তার স্ত্রী ২০২০ সালে একটি যৌতুকের মামলা দায়ের করেন। সেই মামলায় আসামি মোঃ কাবেল আলীর বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারি করা হলে পুলিশ চুয়াডাঙ্গা থেকে তাকে গ্রেফতার করেন। দীর্ঘদিন চুয়াডাঙ্গা জেলে থাকার পর সম্প্রতি তাকে মেহেরপুর জেলখানায় স্থানান্তর করা হয়। আজ জেল খানা থেকে তাকে আদালতে হাজির করা হয়।

মামলাটি শুনানির জন্য ডাকা হলে কোন আইনজীবী না থাকায় আদালত আসামির বক্তব্য জানতে চান। আসামি তখন নিজেই শুনানি করেন এবং আইনজীবী নিয়োগ করার মতো তার পরিবারে কেউ নেই বলে জানিয়ে নিজেই মৌখিকভাবে জামিনের প্রার্থনা করেন। তার স্ত্রীর সাথে তালাক হয়নি এবং সংসারে এক সন্তান আছে জানিয়ে তিনি সংসার করার আগ্রহ প্রকাশ করেন। দীর্ঘ হাজতবাস এবং মামলার গুনাগুন বিবেচনায় আদালত তাকে নিজ জিম্মায় পরবর্তী ধার্য তারিখ পর্যন্ত জামিন মঞ্জুর করে মুক্তির আদেশ প্রদান করেন।